QUASEMIND: The Company also informed that the total revenue for the six months ended on 31 December, 2020 was recorded as Tk. 608,843,266.00 in the same period of last year the corresponding total revenue was Tk. 801,254,357.00. From these figures it seems that the overall revenue has decreased, this is happened due to from September 2019, the management of Quasem Industries Limited and Quasem Lamps Limited decided to discontinue their trading relationship, meaning that sales of Quasem Lamps products are no longer reflected in the revenue of Quasem Industries Limited. It should also noted that instead of earnings revenue from trading sales, Quasem Industries Limited earned distribution service income from its sister concern by distributing their products.

QUASEMIND: As per un-audited half yearly accounts of Quasem Industries Limited, EPS was Tk. 0.18 for October-December 2020 as against Tk. 0.23 for October-December 2019; EPS was Tk. 1.11 for July-December 2020 as against Tk. 0.60 for July-December 2019. NOCFPS was Tk. 0.21 for July-December 2020 as against Tk. 0.24 for July-December 2019. NAV per share was Tk. 30.12 as on December 31, 2020 and Tk. 29.54 as on June 30, 2020.

NCCBLMF1: (Quarter 2) As per un-audited half yearly accounts of NCCBL Mutual Fund-1, EPU was Tk. (0.0432) for April-June 2020 as against Tk. (0.1886) for April-June 2019. EPU was Tk. (0.0597) for January-June 2020 as against Tk. (0.0594) for January-June 2019. NOCFPU was Tk. 0.26 for January-June 2020 as against Tk. 0.32 for January-June 2019. NAV per unit at market price was Tk. 9.80 as on June 30, 2020 and Tk. 9.80 as on December 31, 2019 and NAV per unit at cost price was Tk. 9.69 as on June 30, 2020 and Tk. 9.75 as on December 31, 2019.

LEGACYFOOT: (Quarter 2) As per un-audited half yearly accounts of Legacy Footwear Limited, EPS was Tk. 0.41 for October-December 2020 as against Tk. 0.20 October-December 2019; EPS was Tk. 0.09 for July-December 2020 as against Tk. 0.39 for July-December 2019. NOCFPS was Tk. (0.04) for July-December 2020 as against Tk. 1.81 for July-December 2019. NAV per share was Tk. 10.52 as on December 31, 2020 and Tk. 10.43 as on June 30, 2020.

MONNOCERA: (Quarter 2) As per un-audited half yearly accounts of Monno Ceramic Industries Ltd., EPS was Tk. 0.37 for October-December 2020 as against Tk. 0.43 for October-December 2019; EPS was Tk. 0.72 for July-December 2020 as against Tk. 1.36 for July-December 2019. NOCFPS was Tk. (1.37) for July-December 2020 as against Tk. 0.79 for July-December 2019. NAV per share was Tk. 60.22 as on December 31, 2020 and Tk. 59.50 as on June 30, 2020. NOCFPS negative due to Cash paid to supplier Employee and others has increased and cash receipts from customer has decreased. Therefore, NOCFS has decreased from the last Q2 period.

GBBPOWER: (Quarter 2) As per un-audited half yearly accounts GBB Power Ltd., EPS was Tk. 0.45 for October-December 2020 as against Tk. 0.17 for October-December 2019; EPS was Tk. 0.77 for July-December 2020 as against Tk. 0.55 for July-December 2019. NOCFPS was Tk. 1.13 for July-December 2020 as against Tk. 0.89 for July-December 2019. NAV per share was Tk. 20.21 as on December 31, 2020 and Tk. 19.85 as on December 31, 2019.

SONARGAON: (Quarter 2) As per un-audited half yearly accounts of Sonargaon Textile Ltd., EPS was Tk. (0.46) for October-December 2020 as against Tk. 0.26 for October-December 2019; EPS was Tk. (0.87) for July-December 2020 as against Tk. 0.33 for July-December 2019. NOCFPS was Tk. 5.58 for July-December 2020 as against Tk. 0.01 for July-December 2019. NAV per share was Tk. 23.55 as on December 31, 2020 and Tk. 24.43 as on June 30, 2020.The Company also informed that, reason for significant deviation in EPS, NAV and NOCFPS as follows: EPS has decreased due to fall in production volume for adverse effect of COVID 19 resulting full closure of mill in the 2nd quarter. NAV has decreased due to Net loss after Tax, decrease in the Company's Retained Earnings and Assets. NOCFPS has increased because of increased in collection from customers in the 2nd quarter under review.

ISNLTD: (Quarter 2) Information Services Network Ltd. has further informed that EPS was Tk. 0.01 for October-December 2020 as against Tk. 0.11 for October-December 2019.

NTC: (Quarter 2) As per un-audited half yearly accounts of National Tea Company Limited, EPS was Tk. 0.30 for October-December 2020 as against Tk. (1.27) for October-December 2019; EPS was Tk. 2.41 for July-December 2020 as against Tk. 6.62 for July-December 2019. NOCFPS was Tk. 26.32 for July-

December 2020 as against Tk. 1.63 for July-December 2019. NAV per share was Tk. 118.66 as on December 31, 2020 and Tk. 116.75 as on June 30, 2020.

GQBALLPEN: (Quarter 2) As per un-audited half yearly accounts of GQ Ball Pen Industries Ltd., EPS was Tk. (0.25) for October-December 2020 as against Tk. (0.21) for October-December 2019; EPS was Tk. (4.97) for July-December 2020 as against Tk. (0.69) for July-December 2019. NOCFPS was Tk. (2.34) for July-December 2020 as against Tk. (0.86) for July-December 2019. NAV per share was Tk. 133.12 as on December 31, 2020 and Tk. 134.21 as on June 30, 2020.

USMANIAGL: (Quarter 2) As per un-audited half yearly accounts of Usmania Glass Sheet Factory Ltd., EPS was Tk. (3.35) for October-December 2020 as against Tk. (1.04) for October-December 2019; EPS was Tk. (3.35) for July-December 2020 as against Tk. (2.40) for July-December 2019. NOCFPS was Tk. (1.64) for July-December 2020 as against Tk. (3.13) for July-December 2019. NAV per share was Tk. 89.08 as on December 31, 2020 and Tk. 92.45 as on June 30, 2020.

RELIANCE1: (Quarter 2) As per un-audited financial statements of "Reliance One" the first scheme of Reliance Insurance Mutual Fund, EPU was Tk. 0.59 for October-December 2020 as against Tk. 0.12 for October-December 2019; EPU was Tk. 2.34 for July-December 2020 as against Tk. 0.18 for July-December 2019. NOCFPU was Tk. 0.38 for July- December 2020 as against Tk. 0.27 for July- December 2019. NAV per unit at market price was Tk. 13.05 as on December 31, 2020 and Tk. 10.70 as on June 30, 2020. NAV per unit at cost price was Tk. 11.39 as on December 31, 2020 and Tk. 10.96 as on June 30, 2020.

ABB1STMF: (Quarter 2) As per un-audited half yearly accounts of AB Bank 1st Mutual Fund, EPU was Tk. 0.39 for October-December, 2020 as against Tk. (0.73) for October-December, 2019; EPU was Tk. 1.95 for July-December, 2020 as against Tk. (0.92) for July-December, 2019. NOCFPU was Tk. 0.36 for July-December, 2020 as against Tk. 0.31 for July- December, 2019. NAV per unit at market price was Tk. 11.05 as on December 31, 2020 and Tk. 9.10 as on June 30, 2020. NAV per unit at cost price was Tk. 11.79 as on December 31, 2020 and Tk. 11.50 as on June 30, 2020.

EBLNRBMF: (Quarter 2) As per un-audited half yearly accounts of EBL NRB Mutual Fund, EPU was Tk. 0.55 for October-December 2020 as against Tk. (0.30) for October-December 2019; EPU was Tk. 1.84 for July-December 2020 as against Tk. (0.45) for July-December 2019. NOCFPU was Tk. 0.36 for July- December 2020 as against Tk. 0.15 for July- December 2019. NAV per unit at market price was Tk. 11.03 as on December 31, 2020 and Tk. 9.19 as on June 30, 2020. NAV per unit at cost price was Tk. 11.03 as on December 31, 2020 and Tk. 10.77 as on June 30, 2020.

PHPMF1: (Quarter 2) As per un-audited half yearly accounts of PHP 1ST Mutual Fund, EPU was Tk. 0.53 for October-December 2020 as against Tk. (0.27) for October-December 2019; EPU was Tk. 1.67 for July-December 2020 as against Tk. (0.38) for July-December 2019. NOCFPU was Tk. 0.33 for July- December 2020 as against Tk. 0.17 for July- December 2019. NAV per unit at market price was Tk. 10.90 as on December 31, 2020 and Tk. 9.23 as on June 30, 2020. NAV per unit at cost price was Tk. 11.09 as on December 31, 2020 and Tk. 10.86 as on June 30, 2020.

POPULAR1MF: (Quarter 2) As per un-audited half yearly accounts of Popular Life 1st Mutual Fund, EPU was Tk. 0.44 for October-December 2020 as against Tk. (0.29) for October-December 2019; EPU was Tk. 1.52 for July-December 2020 as against Tk. (0.47) for July-December 2019. NOCFPU was Tk. 0.34 for July-December 2020 as against Tk. 0.27 for July- December 2019. NAV per unit at market price was Tk. 10.90 as on December 31, 2020 and Tk. 9.38 as on June 30, 2020. NAV per unit at cost price was Tk. 11.44 as on December 31, 2020 and Tk. 11.17 as on June 30, 2020.

GENNEXT: (Quarter 2) As per un-audited half yearly accounts of Generation Next Fashions Limited, EPS was Tk. 0.02 for October-December, 2020 as against Tk. 0.15 for October-December, 2019; EPS was Tk. (0.06) for July-December, 2020 as against Tk. 0.35 for July-December, 2019. NOCFPS was Tk. 0.41 for July-December, 2020 as against Tk. 0.06 for July-December, 2019. NAV per share was Tk. 11.84 as on December 31, 2020 and Tk. 11.90 as on June 30, 2020.

এক্সচেঞ্জ সংবাদ

সিএসই-এর নিকুঞ্জ-১ এ অফিস উদ্বোধন

ঢাকা ১১ মার্চ ২০২১: নিকুঞ্জ-০১ এ অবস্থিত সিএসই ঢাকা অফিসের উদ্বোধন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর চেয়ারম্যন প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর সম্মানিত কমিশনার বৃন্দ খন্দকার কামালুজ্জামান, ড. শেখ শামসুদ্দিন আহমেদ, প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান এবং মোঃ আব্দুল হালিম। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএসইসি- এর চেয়ারম্যন প্রফেসর রুবাইয়াত-উল-ইসলাম, সম্মানিত অতিথি ছিলেন ডিএসই-এর চেয়ারম্যান মোঃ ইউনুসুর রহমান এবং বিশেষ অতিথি সিএসই-এর চেয়ারম্যান আসিফ ইব্রাহিম।

সিএসই চেয়ারম্যান আসিফ ইব্রাহিম বলেন, "শত ব্যস্ততার মাঝেও যে সম্মানিত কমিশনার বৃন্দ এবং চেয়ারম্যান মহোদয় সিএসইর আমন্ত্রণে এসেছেন সেজন্য তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমাদের পর্ষদের মধ্যে দুজন রয়েছেন পোশাক শিল্পের প্রতিনিধি। এই প্রতিনিধিদেরকে অবশ্যই পুঁজিবাজারকে সমৃদ্ধ করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। এখানে উল্লেখ্য বাংলাদেশের ইকোনমিক ডেভেলেপমেন্টের জন্যে পুঁজিবাজারের বলিষ্ঠ ভূমিকা পালন করা উচিত। বলা যেতে পারে এখন যেটুকু করছি তার চাইতেও অনেক বেশী পালন করতে হবে। আমরা যারা শিল্প উদ্যোক্তারা এই পুঁজিবাজারে আছি তাদেরকে বেশী নির্ভর করতে হয় কমার্শিয়াল ব্যাংক এবং লেন্ডিং এর উপরে। দেখা যায় যে, ব্যবসার ব্যাপারে যেহেতু অনিশ্চয়তা আছে এবং যে কোন সময় যে কোন বৈরী পরিস্থিতি তৈরি হতে পারে তাই এই লেন্ডিং করতে গিয়ে অনেক সময় অনেক প্রতিষ্ঠানকে ক্লাসিফাইড হয়ে যেতে হয়। গ্রুপ কোম্পানি হলে অন্য কোম্পানিগুলোর উপরও প্রভাব পড়ে। তাই এই ক্ষেত্রে পুঁজিবাজার হতে টাকা উত্তোলন একটি সমাধান হতে পারে। সেক্ষেত্রে ছোট, মাঝারি এবং বড় সব ধরনের কোম্পানির জন্যই এই উদ্যোগ নিতে হবে, উৎসাহিত করতে হবে এবং লিস্টিং-এর মাধ্যমে এই ক্যাপিটাল মার্কেটে নিয়ে আসতে হবে, এতে পুঁজিবাজার সমৃদ্ধ হবে। এই কার্য সাধনে বর্তমান কমিশন বেশ পজিটিভলি কাজ শুরু করেছে, তারা বিভিন্ন ধরনের প্রোডাক্ট নিয়ে ইতি মধ্যে কাজ করছেন, যার বাস্তব উদাহরণ হলো বন্ড। সম্প্রতি পুঁজিবাজারে এসেছে বেক্সিমকোর সুকুক বন্ড এবং লন্ডন মার্কেটে এসেছে বাংলা বন্ড। সামনে আরো কাজ চলবে। আমরা মনে করি যে যদি আমরা অর্থাৎ সিএসই, ডিএসই এবং বিএসইসি একসাথে কাজ করি তাহলে পুঁজিবাজার একটি শক্ত অবস্থানে উন্নীত হবে। ডিএসই এবং সিএসই মোটেও কম্পিটিটর নই বরং পরিপূরক। সিএসই এবং ডিএসইর দক্ষতাকে কাজে লাগিয়ে ক্যাপিটাল মার্কেটকে সামনে এগিয়ে নিতে যেতে হবে। ২০৪১ সালের মধ্যে দেশকে অর্থনৈতিক ভাবে উন্নত দেশে নিয়ে যাবার লক্ষ্যে আমার নেতৃত্বে সিএসইর পরিচালনা পর্ষদ, সিএসইর কর্মকর্তা বৃন্দ যেভাবে কাজ করছি, সেজন্য সবার সর্বাত্মক সহযোগিতা ও দোয়া কামনা করছি।"

সম্মানিত অতিথি ডিএসইর চেয়ারম্যান মোঃ ইউনুসুর রহমান বলেন, "এই সিএসইর নতুন অফিস- এর উদ্বোধন অনুষ্ঠানে আমাকে আমন্ত্রণ জানানোর জন্য অশেষ ধন্যবাদ। আমাদের দেশের অর্থনীতিকে আরো এগিয়ে নিতে অনেক কিছু করার আছে। আমি আনন্দিত যে, বাংলাদেশের মতো দেশে দুটি স্টক এক্সচেঞ্জ আছে। যেহেতু ঢাকা স্টক এক্সচেঞ্জ স্বাধীনতার পূর্ব থেকেই কাজ করে আসছে তাই দীর্ঘ দিনের অভিজ্ঞতা সম্পন্ন, পরবর্তীতে সিএসইর যাত্রা শুরু হয়েছে এবং তুলনামূলক ভাবে তা নবীন স্টক এক্সচেঞ্জ। আমি সিএসইর চেয়ারম্যান মহোদয় আসিফ ইব্রাহিম-এর সাথে একমত হয়ে আমি বলতে চাই যে, ডিএসই এবং সিএসই মোটেও কম্পিটিটর নয় বরং পরিপূরক। যেহেতু নবীন তাই এই স্টক এক্সচেঞ্জকে এগিয়ে নিতে আমাদের সবার সর্বাত্মক সহযোগিতা করা উচিত এবং আমরা করবো। পুঁজিবাজার হলো ফাইনান্সিয়াল সেক্টরের একটি বিশেষ খাত, কিন্তু না বললেই নয় যে বিশ্ব দরবারে বাংলাদেশের যে পরিচিতি অর্থাৎ প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে বিশ্ব দরবারে এত প্রশংসিত হচ্ছেন তা এই ফাইনান্সিয়াল সেক্টরের জন্য নয় বরং স্যোশাল সেক্টরের জন্য। পক্ষান্তরে ফাইনান্সিয়াল সেক্টরের কোন খাতই তেমন কোন উল্লেখ যোগ্য অবদান রাখতে পারেনি। বিশদ বলতে গেলে বলা যায়, ইন্স্যুরেন্স এবং পুঁজিবাজার অনেক খানি পিছিয়ে। আশার কথা হলো যে, এই কমিশনের কার্যক্রম ইতিমধ্যে প্রশংসিত হচ্ছে এবং মানুষের মধ্যে আস্থার ভাব দেখা যাচ্ছে। কিছুটা পজিটিভ ধারা দেখছি, সামনে আরো দেখব এবং এটা বজায় থাকুক এবং সামনে আরো ভালো দিন দেখবো। স্যোশাল সেক্টর এবং অন্যান্য সেক্টরের মতো এই ফাইনান্সিয়াল সেক্টরও এই একুশের দশকে কিছু একটা করে দেখাবে। যদি এই ফাইনান্সিয়াল সেক্টর ঘুরে দাঁড়াতে না পারে তবে সাসটেইনেবল ডেভেলপমেন্ট করা কঠিন হবে। দুঃখের বিষয় যে, ব্যাংকের যে নন-পারফরমিং লোন যেটা তিন বছর আগের হিসেব অনুযায়ী টপ ২০ সরকারি ব্যাংকের ডিফল্টার ছিল তা মোট লোনের ৫৪ ভাগ যা এখন ৭০ ভাগে পৌঁছেছে। এটাকি আশা করা যায় যে বড়রা আমাদের দেশকে পেছনে টানবে আর কেবল তিন শ্রেণির লোক বিদেশী শ্রমিক, কৃষক এবং পোশাক শিল্পের লোক এগিয়ে যেতে অবদান রাখবে। তানা হয়ে আমরা সবাই অর্থাৎ সব রেগুলেটরি প্রতিষ্ঠান মিলে কাজ করলে দেশকে আরো এগিয়ে নিয়ে যাবো।"

প্রধান অতিথি বিএসইসির চেয়ারম্যন প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম বলেন, "এই সিএসইর নতুন অফিসের উদ্বোধন করার জন্য আমাকে আমন্ত্রিত করায় অশেষ ধন্যবাদ। আমাদের অর্থনীতিতে অনেক কিছু করার আছে। আমরা দায়িত্ব নেয়ার পরে চেষ্টা করছি ক্যাপিটাল মার্কেট যেন আমাদের অর্থনীতিতে আরো অবদান রাখতে পারে সে জন্য কি করে নতুন নতুন এভিনউ খোলা যায়। এর মধ্যে উল্লেখযোগ্য হলো, যেখানে ঠিকঠাক করা সম্ভব সেখানে সেটা করা হচ্ছে, যেখানে সম্ভব হচ্ছেনা সেখানে এক্সিটপলিসি করছি, প্রসিকিউশন করছি। কমিশনের সম্মানিত সদস্যগণ নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন এবং জেনে অবাক হবেন যে গত বছরের ১৭ মে থেকে দায়িত্ব নেয়ার পর থেকে এখন পর্যন্ত কমিশনের কেউই একদিনও ছুটি নেননি এবং আমরা ঝুঁকি নিয়ে কাজ করে যাচ্ছি। আমি ডিএসই চেয়ারম্যান-এর সাথে একাত্ম হয়ে এটা বলতে পারি যে, মানি মার্কেটে এই নন-পারফরমিং লোন-এর পরিমাণ যা কাগজে কলমে রয়েছে তার চাইতে আসল পরিমাণ অনেক বেশী। গত ৭-৮ মাসের মধ্যে ব্যাকিং সেক্টরের ক্ষেত্রে যে এক্সপোজার এবং ইরোশন ছিল তা অনেক খানি কমে গেছে। তারা শেষ কোয়ার্টারে বেশ প্রফিট করেছে এবং যে প্রফিট তারা করেছে তাতে তাদের ক্ষতি পুষিয়ে লাভের মুখ দেখছেন। আমি সব ব্যাংকের নিয়মিত খোঁজ খবর রাখি এবং আপনারা যদি খোঁজ নেন দেখবেন তাদের ইনভেস্টমেন্ট, রিটার্ন, প্রফিট গত ০৩ মাসে অনেক বেড়েছে। আমরা যদি আরেকটু বেশী কাজ করি, রেগুলেটর, স্টক এক্সচেঞ্জ এবং ইন্টারমিডিয়ারি সবাই মিলে, তাহলে

আমরা যে লক্ষ্যে কাজ করে যাচ্ছি তা অর্জিত হবে এবং বছরের শেষে সবাই যারা (ব্যাংক, ইনস্টিটিউশন) ইনভেস্টমেন্ট করেছে তারা লাভবান হবেন। ডিএসই চেয়ারম্যান মোঃ ইউনুসুর রহমান সাহেবের সাথে মিলিয়ে বলতে পারি যদি আমরা আমাদের লক্ষ্যে পৌঁছাতে পারি তবে ক্যাপিটাল মার্কেটকে নিয়ে কোন কথা বলার কিছু থাকবে না এবং কোন দোষ থাকবে না। কিন্তু ব্যাকিং সেক্টরের ক্ষেত্রে সে সুযোগ কম। আমাদের অনেক কাজ করতে হবে এবং অনেক কষ্ট করতে হবে। করোনার মধ্যেও যেকাজ করে যাচ্ছি তার ফলও আমরা পাচ্ছি। আমরা খবর পেয়েছি যে ডিএসইর যে নতুন অফিস উদ্বোবন করেছে সেখানে কর্মচাঞ্চল্য এসেছে। শুধু বেতনই পর্যাপ্ত নয় কাজ করার জন্য পরিবেশ একটি গুরুত্বপূর্ণ বিষয় এবং সেটি কর্মকর্তাদের দিতে হবে। কর্মকর্তাদের বুদ্ধি বিবেচনা, কর্মকর্তাদের দক্ষতার সঠিক ব্যবহার পেতে হলে সুন্দর পরিবেশও দরকার। এই যে সিএসইর কর্মকর্তাদের জন্য পরিচালনা পর্ষদ এত সুন্দর একটি পরিবেশ দিতে পেরেছেন সে জন্য আমি আনন্দিত। সিএসইর উত্তোরত্তর উন্নতি কামনা করছি।"

সিএসইর ব্যবস্থাপনা পরিচালক মামুন-উর-রশিদ সমাপনী বক্তব্য রাখেন। সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

এ সময় সিএসইর সম্মানিত বোর্ড সদস্যগণ প্রফেসর এস এম সালামত উল্লাহ ভূঁইয়া; এস এম আবু তৈয়ব; সোহেল মোহাম্মদ শাকুর; মোঃ লিয়াকত হোসেন চৌধুরী,এফসিএ, এফসিএমএ; ব্যারিষ্টার আনিতা গাজী ইসলাম; সৈয়দ মোহাম্মদ তানভীর; মোঃ ছায়েদুর রহমান; মোঃ সিদ্দিকুর রহমান; মোঃ মোহাম্মেদ মহিউদ্দিন এফসিএমএ এবং সিএসসির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সিএসই এবং রয়াল ক্যাপিটাল লিঃ-এর মধ্যে এপিআই শেয়ারিং চুক্তি সম্পন্ন

ঢাকা ০৮ মার্চ ২০২১: সিএসইর ঢাকা অফিসে চিটাগাং স্টক এক্সচেঞ্জ লিঃ এবং রয়াল ক্যাপিটাল লিঃ-এর মধ্যে এপিআই শেয়ারিং চুক্তি সম্পন্ন হয়। এর মাধ্যমে রয়েল ক্যাপিটাল লিঃ তার গ্রাহকদের সেবা প্রদানে আরেক ধাপ এগিয়ে গেল। এই দ্বি-পাক্ষিক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সিএসইর ব্যবস্থাপনা পরিচালক মামুন-উর-রশিদ এবং রয়াল ক্যাপিটাল লিঃ- এর ব্যবস্থাপনা পরিচালক এম. মুনির আহমেদ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তি সই করেন। সিএসইর ব্যবস্থাপনা পরিচালক বলেন,"এই চুক্তি কার্যক্রমের আওতায় পর্যায়ক্রমে সব ডুয়েল ট্রেকহোল্ডার কোম্পানি সমূহকে আনার প্রক্রিয়া চলছে এবং তা অব্যাহত থাকবে।"রয়েল ক্যাপিটাল লিঃ-এর ব্যবস্থাপনা পরিচালক বলেন,"এই চুক্তির মাধ্যমে সিএসই এবং রয়াল ক্যাপিটাল লিঃ-এর মধ্যকার বন্ধন আরো দৃঢ় হলো এবং ভবিষ্যতে সমন্বিত কাজ করার ক্ষেত্র আরো প্রসারিত হলো।"

এছাড়া সিএসইর উপ-মহাব্যবস্থাপক এবং আইটি সার্ভিসেস-এর প্রধান হাসনাইন বারী, রয়াল ক্যাপিটাল লিঃ-এর আইটি হেড মোহাম্মদ রফিকুল ইসলাম এবং উভয় প্রতিষ্ঠানের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, ইতিমধ্যে বেশকিছু ট্রেকহোল্ডার কোম্পানি মিলেনিয়াম ম্যাচিং ইঞ্জিনে এপিআই (অ্যাপ্লিকেশন প্রোগ্রাম ইন্টারফেস)-এর সাথে সংযোগ নিয়ে নিজস্ব অর্ডার ম্যানেজমেন্ট সিস্টেমের (ওএমএস) মাধ্যমে লেনদেন করার জন্য সিএসইতে আবেদন করে। এর মধ্যে বেশকিছু ট্রেকহোল্ডার কোম্পানি এই চুক্তি স্বাক্ষর করেছে এবং গত ডিসেম্বর-এ ইউএফটিসিএল-এর সাথে এই চুক্তি সম্পাদিত হয়। এখানে বিশেষ ভাবে উল্লেখযোগ্য হলো, শীর্ষ ব্রোকারেজ হাউস লংকাবাংলা সিকিউরিটিজ লিমিটেড এবং সিএসই গত ২০১৫ সালে প্রথম এই চুক্তি সম্পাদন করে এবং লংকাবাংলা সিকিউরিটিজ লিমিটেড সফলতার সাথে নিজস্ব অর্ডার ম্যানেজমেন্ট সিস্টেমের (ওএমএস)-এর মাধ্যমে সিএসইতে লেনদেন সম্পন্ন করে আসছে।

সিএসই-৫০ ইনডেক্স-এ অর্ন্তভুক্ত কোম্পানি গুলো সমন্বিত

ঢাকা ০৩ মার্চ ২০২১: সিএসইতে তালিকাভুক্ত কোম্পানিগুলোর পারফরমেন্স পর্যালোচনার ভিত্তিতে সিএসই-৫০ ইনডেক্স চূড়ান্ত করা হয় এবং নতুন ০৩টি কোম্পানি যুক্ত করা হয় এবং পূর্বের ০৩টি কোম্পানিকে এই সূচক থেকে বাদ দেয়া হয়। এটি কার্যকর হবে ২১ মার্চ ২০২১ থেকে।

নতুন করে যুক্ত কোম্পানি গুলো হলো: অলিম্পিকইন্ডাস্ট্রিজ লিমিটেড, দি একমি ল্যাবরেটরিজ লিঃ এবং ব্যাংক এশিয়া লিমিটেড। ইনডেক্স থেকে বাদ যাওয়া কোম্পানিগুলো হলো: আরএকে সিরামিকস (বাংলাদেশ) লিঃ, ডরিন পাওয়ার জেনারেশনস অ্যান্ড সিস্টেমস লিমিটেড এবং শাহজালাল ইসলামি ব্যাংক লিঃ।

সিএসইতে শেয়ার লেনদেন শুরু

ইজেনারেশন লিঃ

ঢাকা ১০ ফেব্রুয়ারি ২০২১: সিএসইতে আনুষ্ঠানিক ভাবে ইজেনারেশন লিঃ- এর শেয়ার লেনদেন শুরু হয়। কোম্পানির চেয়ারম্যান মিসেস সৈয়দা কামরুননাহার আহমেদ, ম্যানেজিং ডিরেক্টর শামীম আহসান, ইস্যু ম্যানেজার, এন আর বি ইকুটি ম্যানেজমেন্ট লিঃ-এর সিইও মোঃ মুসলেহ উদ্দিন চৌধুরী, পোস্ট ইস্যু ম্যানেজার, ইউনাইটেড কর্পোরেট এডভাইজরি সার্ভিসেস লিঃ-এর এমডিমাহবুব এইচ মজুমদার, সিএসইর ম্যানেজিং ডিরেক্টর মামুন-উর-রশিদ, ডেপুটি ম্যানেজার পারভিন আখতার এবং সিনিয়র অফিসার মোঃ আজমুল হাসান উপস্থিত ছিলেন।

তৌফিকা ফুডস্ অ্যান্ড অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ

ঢাকা ১০ ফেব্রুয়ারি ২০২১: সিএসইতে আনুষ্ঠানিক ভাবে তৌফিকা ফুডস্ অ্যান্ড অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ- এর শেয়ার লেনদেন শুরু হয়। কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর প্রকৌশলী মোঃ একরামুল হক, কোম্পানি সেক্রেটারি একে এম জাকারিয়া হোসেন এফসি এম এ, ইস্যু ম্যানেজার, বেনকো ফিন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্টস্ লিঃ-এর ম্যানেজিং ডিরেক্টর ও সিইও মোঃ হামদুল ইসলাম ও বেনকো ফিন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্টস্ লিঃ- এর ম্যানেজার মোঃ নূরুজ্জামান, সন্ধানী লাইফ ফিন্যান্স লিঃ- এর ম্যানেজিং ডিরেক্টর অ্যান্ড সিইও মোঃ নজরুল ইসলাম এফসি এমএ, সিএসইর ডেপুটি জেনারেল ম্যানেজার ও আইটি সার্ভিসেস-এর প্রধান হাসনাইন বারী, ডেপুটি ম্যানেজার পারভিন আখতার এবং সিনিয়র অফিসার মোঃ আজমুল হাসান উপস্থিত ছিলেন।

মীর আখতার হোসেন লিঃ

ঢাকা০২ ফেব্রুয়ারি ২০২১: সিএসইতে আনুষ্ঠানিক ভাবে মীর আখতার হোসেন লিঃ- এর শেয়ার লেনদেন শুরু হয়। কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর মীর নাসির হোসেন, সিএফও পরিমল কুমার সরকার এফসিএ, আইডিএলসি ইনভেস্টমেন্ট লিঃ-এর ম্যানেজার এম. এম. আশরাফুল হাসিব, Satcom IT Limited- এর ভাইস চেয়ারম্যান স্বদেশ রঞ্জন সাহা, সিটিজেন সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ- এর ম্যানেজিং ডিরেক্টর ফরহাদ উদ্দিন এফসি এমএ, সিএসইর ম্যানেজিং ডিরেক্টর মামুন-উর-রশিদ, ডেপুটি ম্যানেজার পারভিন আখতার এবং সিনিয়র অফিসার মোঃ আজমুল হাসান উপস্থিত ছিলেন।

ত্রিপক্ষীয় চুক্তি

সিএসই, ডিএসই ও বারাকা পতেঙ্গা পাওয়ার লিঃ

ডিএসই অফিস, নিকুঞ্জ, ঢাকা ২২ ফেব্রুয়ারি ২০২১: সিএসই, ডিএসই ও বারাকা পতেঙ্গা পাওয়ার লিঃ-এর মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়। বারাকা পতেঙ্গার ম্যানেজিং ডিরেক্টর মনজুর কাদির শফি ও কোম্পানি সেক্রেটারি মোহাম্মদ রানা; ঢাকা স্টক এক্সচেঞ্জের চীফ অপারেটিং অফিসার এম. সাইফুর রহমান মজুমদার এফসিএ, এফসিএমএ; ডিএসইর লিস্টিং অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের সিনিয়র ম্যানেজার মোঃ রবিউল ইসলাম ও ম্যানেজার স্নেহাশীষ চক্রবর্তী; সিএসইর ডেপুটি জেনারেল ম্যানেজার ও আইটিসার্ভিসেস-এর প্রধান হাসনাইন বারী ও সিনিয়র অফিসার তানিয়া বেগম উপস্থিত ছিলেন।

সিএসই, ডিএসই ও দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ

ডিএসই অফিস, নিকুঞ্জ, ঢাকা ১৪ ফেব্রুয়ারি ২০২১: সিএসই, ডিএসই ও দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ- এর মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়। দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ- এর সিইও মোঃ আবুল কাশেম ও সিএফও রবীন্দ্রনাথ কর্মকার; ঢাকা স্টক এক্সচেঞ্জের চীফ অপারেটিং অফিসার এম. সাইফুর রহমান মজুমদার এফসিএ, এফসিএমএ; ডিএসইর লিস্টিং অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের সিনিয়র ম্যানেজার মোঃ রবিউল ইসলাম ও ম্যানেজার স্নেহাশীষ চক্রবর্তী; সিএসইর ডেপুটি জেনারেল ম্যানেজার ও আইটিসার্ভিসেস-এর প্রধান হাসনাইন বারী ও সিনিয়র অফিসার তানিয়া বেগম উপস্থিত ছিলেন।

Monthly Market Trend

Average Retrun: February 2021	0.27%
Volatility: February 2021	0.015165332

Daily Return: February 2021



Momentum (14 Days): February 2021



Velocity (14 Days): February 2021



$$\text{Rate of Return} = \frac{\text{Current Value - Original Value}}{\text{Original Value}} \times 100$$

$$p = mv$$

p = momentum
m = mass
v = velocity

$$\bar{v} = \frac{\Delta x}{\Delta t}$$

$\bar{v}$ = average velocity
Δx = displacement
Δt = change in time

Sector Volatility : February 2021



Banking	0.010473	Leather & Footwear	0.82511
Cement	0.02512	Life Insurance	0.716756
Ceramic	1414303	Miscellaneous	3.788776
Energy	1.233094	Mutual Funds	0.846744
Eng & Electrical	1451213	Papers & Printing	0.7173
Foods & Allied Products	0.850104	Pharma & Chemicals	1.79485574
General Insurance	1.841276	Service & Property	1.755998
ICT	1.088568	Telecommunications	2.333425
Leasing & Finance	2.842494	Textile & Clothing	0.541983

N.B. All calculations have been done based on Sectoral Index.

$$\sigma_T = \sigma\sqrt{T}$$

σ_T = volatility over a time horizon
σ = standard deviation of returns
T = number of periods in a time horizon

RSI (Relative Strength Index) of 30 Companies belonging to CSE-30 Index

AAMRA NETWORKS LIMITED	42.09
ACME LABORATORIES LTD.	31.33
AL-ARAFAH ISLAMI BANK LTD	20.96
AMAN FEED LIMITED	38.06
ARGON DENIMS LIMITED	43.33
BANGLADESH NATIONAL INSURANCE COMPANY LTD	64.28
BANGLADESH STEEL RE-ROLLING MILLS LTD.	36.88
BATA SHOE COMPANY LTD.	35.90
BD FINANCE AND INVESTMENT CO.	48.84
BSRM STEELS LTD	37.82
CITY BANK	2741
DELTA LIFE INSURAN	45.09
DOREEN POWER GENERATIONS AND SYSTEMS LTD	45.60
EASTERN HOUSING	21.17
ESQUIRE KNIT COMPOSITE LIMITED	38.67

Name of Companies	RSI
IDLC FINANCE LIMITED	36.32
JAMUNA BANK LTD.	25.77
JAMUNA OIL COMPANY LIMITED	41.06
KHULNA POWER COMPANY LTD.	100.00
MEGHNA PETROLEUM LIMITED	26.77
MJL BANGLADESH LTD.	31.66
OLYMPIC INDUSTRIES LIMITED	23.78
ORION PHARMA LTD.	52.65
PADMA OIL	39.81
PRIME BANK LIMITED	25.98
RATANPUR STEEL RE-ROLLING MILLS LTD.	47.27
SINGER BANGLADESH LIMITED	36.13
SQUARE PHARMA	32.14
SUMMIT POWER LTD.	44.75
TITAS GAS TRANSMISSION AND DISTRIBUTION C. LTD	41.60

CSE-30: RSI: February 2021



$$RSI = 100 - \frac{100}{1 + RS} \qquad RS = \frac{\text{Average gain}}{\text{Average loss}}$$

CSE-30 Price Volatility: February 2021



AAMRA NETWORKS LIMITED	0.019893	IDLC FINANCE LIMITED	0.037365
ACME LABORATORIES LTD.	0.015302	JAMUNA BANK LTD.	0.0182
AL-ARAFAH ISLAMI BANK LTD	0.01243	JAMUNA OIL COMPANY LIMITED	0.022102
AMAN FEED LIMITED	0.045973	KHULNA POWER COMPANY LTD.	0.0
ARGON DENIMS LIMITED	0.004757	MEGHNA PETROLEUM LIMITED	0.007877
BANGLADESH NATIONAL INSURANCE CO. LTD.	0.04893103	MJL BANGLADESH LTD.	0.016504
BANGLADESH STEEL RE-ROLLING MILLS LTD.	0.029995	OLYMPIC INDUSTRIES LIMITED	0.012027
BATA SHOE COMPANY LTD.	0.001123	ORION PHARMA LTD.	0.037279
BDFINANCE AND INVESTMENT CO.	0.044495	PADMA OIL	0.006358
BSRM STEELS LTD	0.026952	PRIME BANK LIMITED	0.025851
CITY BANK	0.028203	RATANPUR STEEL RE-ROLLING MILLS LTD.	0.006797
DELTA LIFE INSURAN	0.02668	SINGER BANGLADESH LIMITED	0.013502
DOREEN POWER GENERATIONS AND SYSTEMS LTD	0.017341	SQUARE PHARMA	0.013199
EASTERN HOUSING	0.00749	SUMMIT POWER LTD.	0.034428
ESQUIRE KNIT COMPOSITE LTD	0.016773	TITAS GAS TRANSMISSION AND DISTRIBUTION CO. LTD	0.011605

Correlation Coefficient based on Sectoral Index: February 2021



Banking and Leasing & Finance	0.820137199
Banking & Mutual Funds	0.938315
Engineering and Services & Property	0.888413403
General Insurance & Life Insurance	-0.077053311
Cement and Ceramic	0.902936929
ICT & Telecommunication	-0.196055331
Energy and Leather & Footwear	0.726651424
Papers & Printing and Miscellaneous	0.902671405
Pharmaceuticals and Foods & Allied products	0.697049397
Leather & Footwear and Textile & Clothing	0.697049397

$$r = \frac{\sum (x_i - \bar{x})(y_i - \bar{y})}{\sqrt{\sum (x_i - \bar{x})^2 \sum (y_i - \bar{y})^2}}$$

r = correlation coefficient
x_i = values of the x-variable in a sample
$\bar{x}$ = mean of the values of the x-variable
y_i = values of the y-variable in a sample
$\bar{y}$ = mean of the values of the y-variable

অর্থনৈতিক সংবাদ

দক্ষিণ এশিয়ায় 'অর্থনৈতিক শক্তি' হয়ে উঠছে বাংলাদেশ: ওয়াল স্ট্রিট জার্নাল

গত ২৬ ফেব্রুয়ারি স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উত্তরণে জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ পায় বাংলাদেশ। পরদিন সংবাদ সম্মেলনে দেশবাসীকে সেই সুখবর জানান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশের এই সাফল্যের প্রসঙ্গ টেনে ওয়াল স্ট্রিট জার্নালের নিবন্ধে বলা হয়েছে, গত এক দশকে প্রতিবেশী ভারত ও পাকিস্তানের তুলনায় রপ্তানি আয়ে অভাবনীয় উল্লম্ফন দেখিয়েছে বাংলাদেশ। বিকাশমান তৈরি পোশাক শিল্প খাতের ওপর ভর করে এই সময় বাংলাদেশের রপ্তানি আয় ডলারের হিসাবে ৮০ শতাংশ বেড়েছে। অন্যদিকে একই সময়ে ভারত ও পাকিস্তানের রপ্তানি কমেছে। 'বাংলাদেশ ইজ বিকামিং সাউথ এশিয়াস ইকোনমিক বুল কেইস' শিরোনামে ওয়াল স্ট্রিট জার্নালের হংকং-ভিত্তিক আর্থিক বাজার বিশ্লেষক মাইক বার্ডের লেখা ওই নিবন্ধে বাংলাদেশের এই অগ্রযাত্রাকে দক্ষিণ কোরিয়া, চীন ও ভিয়েতনামের সঙ্গে তুলনা করা হয়েছে। বার্ড লিখেছেন, বাংলাদেশের উন্নয়নের এই সাফল্যের মডেলের সঙ্গে দক্ষিণ-পূর্ব এশিয়ার এসব উদীয়মান অর্থনীতির সাফল্যের বিভিন্ন পর্যায়ের সঙ্গে মিল রয়েছে। উন্নয়নশীল দেশের সুপারিশ অর্জনের পেছনে এদেশের বিশাল তরুণ জনগোষ্ঠী, মজুরির ক্ষেত্রে ধারাবাহিক প্রতিযোগিতামূলক সুবিধা এবং দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের তুলনায় নারী-শ্রমগোষ্ঠীর দৃঢ় ও বর্ধনশীল অবস্থানকে তুলে ধরা হয়েছে ওই নিবন্ধে।

উন্নয়নশীল দেশে উত্তরণের পথে বাংলাদেশকে বিমসটেকের অভিনন্দন

সম্প্রতি গণভবনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতে বিমসটেকের নবনিযুক্ত মহাসচিব তেনজিন লেকফেল সংস্থাটির পক্ষ থেকে তাঁকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের বলেন, "বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে অসাধারণ উন্নয়ন, বিশেষ করে করোনা মহামারী পরিস্থিতি মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল ও দূরদর্শী নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন বিমসটেক মহাসচিব।" আগামী দিনগুলোতে মহামারী পরিস্থিতির আরও উত্তরণ ঘটবে বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। ভুটানের নাগরিক তেনজিনের সঙ্গে বৈঠকে মুক্তিযুদ্ধে ভুটানের অবদান এবং বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেওয়ার কথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন শেখ হাসিনা।

দারিদ্র্য বিমোচনে জোর দিয়ে এডিপি সংশোধন

<u>সংশোধনে এডিপি ৩.৬৫% কমানোর পরিকল্পনা</u>

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এনইসি সভায় ১ লাখ ৯৭ হাজার ৬৪৩ কোটি টাকার সংশোধিত এডিপি অনুমোদন দেওয়া হয়, যা চলতি ২০২০-২১ অর্থবছরের মূল এডিপি থেকে ৭ হাজার ৫০২ কোটি টাকা বা ৩ দশমিক ৬৫ শতাংশ কম। চলতি অর্থবছরের মূল এডিপির আকার ছিল ২ লাখ ৫ হাজার ১৪৫ কোটি টাকা। মোট বরাদ্দ থেকে যে ৭ হাজার ৫০২ কোটি টাকা কমানো হয়েছে, তার পুরোটাই বৈদেশিক সহায়তা থেকে কাটা হয়েছে। মূল এডিপিতে সরকারের নিজস্ব তহবিলের মোট বরাদ্দ কমানো হয়নি, তবে সামগ্রিক চাহিদা বিবেচনায় দারিদ্র্য বিমোচনের সঙ্গে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পে অগ্রাধিকার দিয়ে বিভিন্ন খাতের বরাদ্দ বাড়িয়ে বা কমিয়ে সমন্বয় করা হয়েছে। বৈঠক পরবর্তী এক সংবাদ সম্মেলনে পরিকল্পনা বিভাগের সচিব মো. জয়নুল বারী বলেন, সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ উৎস থেকে ১ লাখ ৩৪ হাজার ৬৪৩ কোটি টাকা এবং বৈদেশিক উৎস হতে ৬৩ হাজার কোটি টাকা অর্থায়ন করা হবে। মূল এডিপিতে সরকারের নিজস্ব তহবিল থেকে ১ লাখ ৩৪ হাজার ৬৪৩ কোটি টাকাই বরাদ্দ দেওয়ার কথা ছিল। আর বৈদেশিক উৎস থেকে ৭০ হাজার ৫০২ কোটি টাকার যোগান দেওয়ার কথা ছিল। সচিব জানান, স্বায়ত্বশাসিত সংস্থা বা কর্পোরেশন নিজস্ব অর্থায়নে ১১ হাজার ৬২৮ কোটি ৯০ লাখ টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করবে। এর মধ্যে অভ্যন্তরীণ উৎস হতে ৭

হাজার ৭৫৩ কোটি ৯০ লাখ টাকা এবং বৈদেশিক উৎস থেকে ৩ হাজার ৮৭৫ কোটি টাকা অর্থায়ন করা হবে। এর ফলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির সর্বমোট আকার দাঁড়াবে ২ লাখ ৯ হাজার ২৭১ কোটি ৯০ লাখ টাকা।

৪৪ বিলিয়ন ডলারও ছাড়াল রিজার্ভ

সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৪৪ দশমিক ০২৮ বিলিয়ন ডলার, যা অতীতের যে কোনো সময়ের চেয়ে বেশি। এই রিজার্ভ দিয়ে প্রতি মাসে চার বিলিয়ন ডলার হিসেবে ১১ মাসের বেশি সময়ের আমদানি ব্যয় মেটানো সম্ভব। আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী, একটি দেশের কাছে অন্তত তিন মাসের আমদানি ব্যয় মেটানোর সমপরিমাণ বিদেশি মুদ্রার মজুদ থাকতে হয়। গত ৩০ ডিসেম্বর বাংলাদেশের রিজার্ভ প্রথমবারের মত ৪৩ বিলিয়ন ডলারের মাইলফলক অতিক্রম করে। জানুয়ারির প্রথম সপ্তাহে এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়নের (আকু) নভেম্বর-ডিসেম্বর মেয়াদের আমদানি বিল পরিশোধের পর তা ৪২ বিলিয়ন ডলারের নিচে নেমে আসে। তবে রেমিটেন্সে ইতিবাচক ধারা অব্যাহত থাকায় এক মাস না যেতেই রিজার্ভ আবার ৪৪ বিলিয়ন ডলার অতিক্রম করল। আকুর জানুয়ারি-ফেব্রুয়ারি মেয়াদের আমদানি বিল পরিশোধ করতে হবে মার্চ মাসের প্রথম সপ্তাহে। তার আগ পর্যন্ত রিজার্ভ ৪৪ বিলিয়ন ডলারের উপরেই থাকবে বলে মনে করছেন বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তারা। বাংলাদেশ, ভুটান, ভারত, ইরান, মিয়ানমার, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা ও মালদ্বীপ-এই নয়টি দেশ বর্তমানে আকুর সদস্য। এই দেশগুলো থেকে বাংলাদেশ যে সব পণ্য আমদানি করে তার বিল দুই মাস পর পর আকুর মাধ্যমে পরিশোধ করতে হয়। ২০২০ সালের ৩ ফেব্রুয়ারি বাংলাদেশের রিজার্ভে ছিল ৩২ দশমিক ৪৫ বিলিয়ন ডলার। অর্থাৎ, গত এক বছরে রিজার্ভ বেড়েছে ১১ দশমিক ৫৮ বিলিয়ন ডলার। মহামারীর মধ্যে চলতি ২০২০-২১ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে ২ দশমিক ৬ বিলিয়ন ডলারের রেমিটেন্স এসেছিল দেশে, যা এ যাবৎকালের সর্বোচ্চ।

বিএসইসি প্রেস বিজ্ঞপ্তি/আদেশ/ডিরেক্টিভ/গেজেট

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৩৫ তারিখঃ ২৭ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক দুবাইয়ে আয়োজিত "দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়ালস অব বাংলাদেশ ক্যাপিটাল মার্কেটস" শীর্ষক রোড-শো প্রসঙ্গে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন দুবাইতে ৯ ফেব্রুয়ারি, ২০২১ প্রবাসী বাংলাদেশি বিনিয়োগকারীদের (এনআরবি) জন্য এবং বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ করতে "দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়ালস অব বাংলাদেশ ক্যাপিটাল মার্কেটস" শীর্ষক রোড-শোয়ের আয়োজন করেছে যা রোড শোটি শুক্রবার ১২ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত চলবে।

রোড-শোটির সভাপতিত্ব করেন বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। তিনি তাঁর বক্তব্যে বাংলাদেশের পুঁজিবাজারের অমিত সম্ভাবনার বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন। এক্ষেত্রে আইপিও, বন্ড, মিউচ্যুয়াল ফান্ডসহ প্রাইমারি ও সেকেন্ডারী মার্কেটের সম্ভাবনাময়ের কথা উল্লেখ করেন। এছাড়াও অন্যান্যের মধ্যে ব্যাংকিং খাতে দীর্ঘকাল ধরে বিদ্যমান ম্যাচিউরিটি মিসম্যাচ সমস্যা সমাধানের জন্য দীর্ঘমেয়াদী তহবিল সংগ্রহের লক্ষ্যে পুঁজিবাজারের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেছেন। তিনি বাজারের ঝুঁকিপূর্ণ প্রকৃতির উপর জোর দিয়েছেন এবং পুঁজিবাজার থেকে টেকসই রিটার্নের জন্য গবেষণা এবং পেশাদার বিনিয়োগ পদ্ধতির মাধ্যমে পরিশীলিত ঝুঁকি গ্রহণের উপর গুরুত্ব দিয়েছেন। তিনি বাংলাদেশের উন্নয়নে অবদানের জন্য প্রবাসী বাংলাদেশীদের (এনআরবি) ধন্যবাদ জানান। তিনি বাংলাদেশের বর্তমান নেতৃত্বের প্রশংসা করেন এবং উপস্থিত বিশিষ্ট অতিথিবৃন্দকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় ভূমিমন্ত্রী জনাব সাইফুজ্জামান চৌধুরী, এমপি। তিনি পুঁজিবাজারের বিষয়ে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা তুলে ধরেন এবং যথাযথ গবেষণা ও শৃঙ্খলাবদ্ধ বিনিয়োগ পদ্ধতির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। তিনি বর্তমান কমিশনের নেতৃত্বের প্রশংসা করেন এবং তাদের বিভিন্ন নতুন উদ্যোগের জন্য ধন্যবাদ জানান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি। তিনি অন্যান্যের মধ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধি পুনরুদ্ধারে করোনা মহামারীকালীন সময়ে প্রচুর রেমিট্যান্স দেশে পাঠানোর জন্য প্রবাসী বাংলাদেশীদের ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে বিএসইসি'র কমিশনার জনাব খোন্দকার কামালুজ্জামানসহ কমিশনের উচ্চপদস্থ কর্মকর্তা, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড এর পরিচালক, ইউসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড ও ইউসিবি ইনভেস্টমেন্ট লিমিটেড এর উর্ধ্বতন নির্বাহীবৃন্দ এবং দেশি-বিদেশী সাংবাদিক, বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ দুবাইয়ের বিভিন্ন সংগঠনের বিশিষ্ট ব্যক্তিবর্গ রোড শোতে অংশ গ্রহণ করেন।

বিশেষ অতিথি হিসাবে আরো উপস্থিত ছিলেন ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেডের এক্সিকিউটিভ কমিটির চেয়ারম্যান জনাব আনিসুজ্জামান চৌধুরী। তিনি বর্তমান সরকারের পাশাপাশি নতুন কমিশনকে পুঁজিবাজারে সুশাসন প্রতিষ্ঠায় নিরলস প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইডিএলসি লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ও বিএসইসি'র প্রাক্তন কমিশনার জনাব আরিফ খান। তিনি বাংলাদেশের অর্থনীতি এবং পুঁজিবাজারের একটি প্রেক্ষাপট আলোচনা করেছেন। এছাড়াও তিনি বিনিয়োগ সিদ্ধান্তে গুজব এড়াতে এবং উন্নত কর্পোরেট প্রশাসন ও মৌলিভিত্তি সম্পন্ন প্রতিষ্ঠানে বিনিয়োগ করার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেছেন।

ইউসিবি স্টক ব্রোকারেজ লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ রহমত পাশা একটি প্রেজেন্টশন প্রদান করেন এবং প্রবাসী বাংলাদেশী (এনআরবি) বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ পদ্ধতি এবং প্রণোদনার বিষয়টি ব্যাখ্যা করেন। তিনি উল্লেখ

চলমান পাতা ১/২

করেন যে, ইউসিবি স্টক ব্রোকারেজ লিমিটেড ১২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে দুবাইতে একটি ডিজিটাল বুথ খুলবে যা দেশের বাহিরে প্রথম ডিজিটাল বুথ হবে।

অনুষ্ঠানের প্রশ্নোত্তর পর্বে প্যানেলিস্ট হিসাবে অংশগ্রহণ করেন জনাব মাহবুব উল আলম, নির্বাহী পরিচালক, বিএসইসি; জনাব সাইদুর রহমান, সভাপতি, বিএমবিএ; জনাব এম শাইফুর রহমান মজুমদার, সিওও, ডিএসই; জনাব আশেকুর রহমান, এমডি মিডওয়ে সিকিওরিটিজ লি:; জনাব খন্দকার সাফাত রেজা, সিইও ও ডিরেক্টর, লঙ্কাবাংলা সিকিউরিটিজ লি:।

এছাড়াও বিএসইসি'র চেয়ারম্যান অনলাইন অ্যাকাউন্ট খোলার পোর্টালও উদ্বোধন করেন যার মাধ্যমে প্রবাসী বাংলাদেশীগণ বিশ্বের যে কোন স্থান থেকে অনলাইনে তাদের অ্যাকাউন্ট খুলতে সক্ষম হবে। একই দিনে বিকাল ৩:০০ টায় ঢাকার আগারগাঁওস্থ বিএসইসি'র কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে বাংলাদেশে বসবাসকারী জনাব বিপ্লব সাহার বিও হিসাব খোলার মাধ্যমে অনলাইন অ্যাকাউন্ট খোলার পোর্টালটি বাংলাদেশেও উদ্বোধন করা হয়। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ । উক্ত অনুষ্ঠানে বিএসইসি'র কমিশনার জনাব মো: আব্দুল হালিম এবং ড. প্রফেসর মো: মিজানুর রহমানসহ কমিশনের উর্ধ্বধন কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক ও বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের নির্বাহীগণ উপস্থিত ছিলেন।

দুবাইয়ের পার্ক হায়াতের ক্রিক বলরুমে রোড শো টি অনুষ্ঠিত হয়। উদ্বোধনী দিনে দুটি পর্ব অনুষ্ঠিত হয়েছে। প্রথম পর্বটির শিরোনাম ছিল "ইনভেস্টর সামিট (এনআরবি): বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট"। ঐ পর্বে বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগরে সুযোগগুলি সম্পর্কে প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীগণ পরিচিত হয়েছেন।

অন্যান্য বিদেশী বিনিয়োগকারীদের মধ্যে বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগর আগ্রহ সৃষ্টির লক্ষ্যে বিকেলে একই ধরণের অনুষ্ঠান আয়োজন করা হয়। এই রোড-শোর ফলে বাংলাদেশের পুঁজিবাজারে বিদেশী এবং এনআরবি বিনিয়োগকারীদের অংশগ্রহণ বাড়বে বলে আশা করা যাচ্ছে।

10-02-2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিএসইর ট্রেক হোল্ডার ও তালিকাভুক্ত কোপানির স্পন্সর শেয়ারহোল্ডারদের লেনদেনভিত্তিক আয়কর পরিশোধ

অর্থ-বছর ২০১৮-২০১৯	সিএসইর ট্রেক হোল্ডারদের দৈনিক লেনদেনের ওপর ০.০৫% হারে কর	স্পন্সর শেয়ার হোল্ডারদের দ্বারা শেয়ার/মিউচ্যুয়াল ফান্ড ট্রান্সফারের মাধ্যমে অর্জিত মূলধনী লাভের ওপর ৫% হারে কর
	Sec 53 BBB অনুযায়ী	Sec 53 M অনুযায়ী
মাস	টাকা	টাকা
জানুয়ারি ২০২০	৪০,২৭,৫৯৩.০৮	১৫,৮৯,২৪৩.০০
ফেব্রুয়ারি ২০২০	৬২,০৪,৫১২.৮৬	৮,০৪,০৬৭.০০
মার্চ ২০২০	৪৮,৩৫,৯১৬.৫৪	১৮,৩১,২৯৯.০০
জুন ২০২০	৯৫,২৬,০৫১.৩১	-
জুলাই ২০২০	৩৪,৯৪,৩১৮.৯৬	৬৩,৫৫০.০০
আগস্ট ২০২০	৫৯,৪৪,২০৫.০৭	৩,৬৬,৮৫০.০০
সেপ্টেম্বর'২০	৭১,৯০,১৭০.১৮	১৪,৬৪,৮৭৬.০০
অক্টোবর ২০২০	৫৩,৯৬,৯৭৪.৮৮	৬,১৩,৩২৫.২৩
নভেম্বর ২০২০	৫৭,৪১,৭৬১.৩৮	১৪,৭৩,১২৯.০০
ডিসেম্বর ২০২০	৯১,৩২,৯১৫.১৪	১৩,৩০,৩৪৭.৬০
জানুয়ারি ২০২১	১,৭২,৮১,৭৫৪.৯২	১,৪৫,৩৯,৮৭৬.০০
ফেব্রুয়ারি ২০২১	৭৭,১০,১৮৩.২৪	১,৫৯,৮৩,৬৭৪.০০

সিএসইতে ফরেন ট্রেড

মাস/বছর	লেনদেন এর পরিমাণ (কোটি টাকা)
ডিসেম্বর'১৯	০.০৪
জানুয়ারি'২০	৪.৩৪
ফেব্রুয়ারি'২০	৫৩.৩০
জুন ২০২০	২৩২.৪৩
জুলাই ২০২০	১৭০.৩৫
আগস্ট'২০	০.৩৮
সেপ্টেম্বর'২০	১৭.৮৫
অক্টোবর'২০	০.২২
নভেম্বর'২০	৮৫.৪৬
ডিসেম্বর'২০	২০.০৫
জানুয়ারি'২১	০.৪১
ফেব্রুয়ারি'২১	০.৪১

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৩৬

তারিখঃ ২৮ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

Subject: BSEC Concludes road-show titled "The Rise of Bengal Tiger: Potentials of Bangladesh Capital Markets" in Dubai.

Bangladesh Securities and Exchange Commission (BSEC) concluded the road-show titled "The Rise of Bengal Tiger: Potentials of Bangladesh Capital Markets" in Dubai to reach out to non-resident Bangladeshi (NRB) investors and also attract foreign investment in Bangladesh in the form of equity, debt and private equity. The roadshow commenced on February 09 with separate sessions for NRBs and foreign investors named "Investor Summit: Bangladesh Capital Markets". The road-show concluded with sessions on "Sukuk: The New Investment Opportunity in Bangladesh" on February 10 and "Scope of Private Equity & Venture Capital Investment in Bangladesh" on February 11.

The Investor Summit and road-show has been sponsored by UCB Stock Brokerage Limited, a wholly owned subsidiary of United Commercial Bank Limited. This investor summit is expected to increase the participation of foreign and NRB investors in the Bangladesh capital market.

Mr Md Iqbal Hussain Khan, Consul General of Bangladesh Consulate, Dubai was the Chief Guest in the session on Day 2 "Sukuk: The New Investment Opportunity in Bangladesh". Keynote speaker for the session was Mr Ershad Hossain, Managing Director and Chief Executive Officer of City Bank Capital. Other speakers included Mr Ali Ahsan, Head of Islamic Origination, Standard Chartered Bank who gave a virtual speech, Mr Tanzim Alamgir, Chief Executive Officer of UCB Investment Limited and His Excellency Mr Abdullah Mohammed AL Muwaiji, the honourable Chairman of Ajman Chamber.

This session on Day 2 highlighted on the prospects, regulatory landscape, importance and the challenges of Sukuk investment in Bangladesh. It emerged that Sukuk could be a viable instrument for bridging the long term financing needs for infrastructure projects-especially in power, water and transportation sector- needed for Bangladesh to successfully emerge as a developed nation. Moreover, sovereign Sukuk issuance is also a viable option which will also help for benchmark. A common theme which emerged from discussions with various stakeholders during this session is that Sukuk will have significant appeal given the Muslim majority population.

Page no-1/2

Mr Bryan Stirewalt, Chief Executive, Dubai Financial Services Authority attended as the Chief Guest during the session on Day 3 "Scope of Private Equity & Venture Capital Investment in Bangladesh". Mr. Shameem Ahsan, President, Venture Capital and Private Equity Association of Bangladesh was the keynote speaker in the session. Other speakers include Mr Shekh Mohammad Rashedul Hasan, CEO, UCB Asset Management. Mr Edward Lee, Chief Economist, ASEAN and South Asia, Standard Chartered Bank and Mr Saurav Anand, Economist, South Asia gave virtual speech in the session. The famous cricketer of Bangladesh, Shakib Al Hasan also attended the session.

This session on Day 3 highlighted the growth prospects of Bangladesh economy, large youth population quickly adopting technology as well as the growing start-ups trying to tap the growth potential of the booming economy. It brought to the fore that the start-up scene has recently seen a range of impressive and scalable new ventures with potentials for lucrative private equity investments. The session also explained the easy and convenient exits that have taken place in the several recent start-up investments. Various Dubai based fund managers and venture capital firms attended the event and showed interest to explore the untapped potential of Bangladesh.

The Chairman of BSEC, Professor Shibli Rubayat-Ul-Islam chaired the road-show and highlighted the story and potential of Bangladesh to foreign investors including global fund managers, asset managers and different bank officials operating in Dubai and Gulf areas. He also explained the important role of the capital market for raising long term funds through bond and sukuk to solve the maturity mismatch problem long prevailing in our banking sector and also highlighted the importance of developing alternative investment instruments in the capital market. He emphasised the risky nature of the market and focused on the importance of research and professional investing approach for sustained return from the capital market. He praised the current dynamic leadership under Honourable Prime Minister of Bangladesh. He thanked the distinguished guests who made this event a success. He aslo specifically thanked the NRBs for their contribution in the development of Bangladesh.

Various notable personalities took part as panellists in the question and answer sessions each day. There was significant interest among the participants, both foreigners and NRBs, regarding the potentials of Bangladesh which made it a very open and an engaging discussion among the stakeholders.

High ranking officials of BSEC, Ministry of Finance and other top officials of various banks in Bangladesh and Dubai attended the road-show and investor summit. A number of senior dignitaries from various communities of Dubai have also been present in the road-show.

11-02-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

Page no-1/2

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৩৭ তারিখঃ ২ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৬১ তম কমিশন সভা অদ্য ১৫/০২/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Monno Ceramic Industries Ltd. Rule 12 (1) (2) of the Securities and Exchange Rules, 1987, Commission's Notification No. BESC/CMRRCD/2006-158/208/Admin/81 dated June, 20 2018 এবং Section 17 (b) of the Securities and Exchange Ordinance, 1969 ভঙ্গের দায়ে Monno Ceramic Industries Ltd এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালক (স্বতন্ত্র পরিচালক ব্যতীত) কে ০১ (এক) কোটি টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০২. কমিশন সভায়, Monno Welfare Foundation Ltd. Section 17(e)-(ii) (iii) & (v) of the Securities and Exchange Ordinance, 1969 ভঙ্গের দায়ে Monno Welfare Foundation Ltd কে ১০ (দশ) কোটি টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০৩. কমিশন অদ্যকার সভায়, পুঁজিবাজারের উন্নয়ন ও বিনিয়োগকারীর স্বার্থে সিকিউরিটিজ আইন ও অন্যান্য বিধি-বিধান পরিপালন সাপেক্ষে তালিকাভুক্ত কোম্পানি কর্তৃক ঘোষিত corporate declaration (Bonus or Right share issue) এর record date পরবর্তী dilution effect বিবেচনায় সংশ্লিষ্ট কোম্পানির সিকিউরিটিজ এর সমন্বিত মূল্যই (Adjusted/Reference Price) উক্ত সিকিউরিটিজ এর revised floor-price হিসেবে বিবেচিত হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে।

15-02-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৩৮ তারিখঃ ১১ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৬৩ তম কমিশন সভা অদ্য ২৪/০২/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Bengal Investments Limited, CAPM Advisory Limited এবং PLFS Investments Limited (Merchant Bankers) কর্তৃক বিধিমালা লঙ্ঘনের জন্য IPO কোটা সুবিধা বন্ধ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও প্রতিষ্ঠানসমূহ ৩০ জুন, ২০২১ ইং তারিখে মধ্যে মূলধন ঘাটতি পূরণে ব্যর্থ হলে তাদের মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সনদ বাতিলের প্রক্রিয়া শুরু হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. কমিশন অদ্যকার সভায়, Nexus Securities Limited (DSE TREC No. 218) কর্তৃক বিভিন্ন সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে ০২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০৩. কমিশন সভায় MTB Securities Limited (DSE TREC No. 197) কর্তৃক বিভিন্ন সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০৪. কমিশন অদ্যকার সভায়, First Lead Securities Limited (FSTLD, CSE TREC NO-122) এর বিরুদ্ধে Mr. Sirajul Hoque & Ms.Nasima Begum and Dr. M A Ahad & Mrs. Ayesha Tasnim Ishita এর অভিযোগের ভিত্তিতে বিভিন্ন সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে Firstlead Securities Limited (CSE TREC No. 122) কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০৫. কমিশন অদ্যকার সভায়, Sonali Life Insurance Limited এর আবেদনের প্রেক্ষিতে ও বিনিয়োগকারীর স্বার্থে চাঁদা গ্রহণের তারিখ মার্চ, ২০২১ এর পরিবর্তে মে, ২০২১ এ নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২৪-০২-২১

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৩৯

তারিখঃ ২৩ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০৮মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: Seminar on Role of Issue Managers for IPO application.

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ক্যাপিটাল ইস্যু বিভাগের উদ্যোগে অদ্য ০৮ মার্চ, ২০২১ ইং তারিখে সিকিউরিটিজ কমিশন ভবনের মাল্টিপারপাস হলে Seminar on the Role of Issue Managers for IPO Application শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সম্মানিত কমিশনার ড. শেখ সামসুদ্দিন আহমেদ। তিনি বলেন, পুঁজিবাজারকে শক্তিশালী করার জন্য ভাল সিকিউরিটিজের তথা ভাল মৌল ভিত্তি সম্পন্ন কোম্পানির কোন বিকল্প নেই। আর পুঁজিবাজারে মৌল ভিত্তি সম্পন্ন কোম্পানিকে অন্তর্ভূক্ত করার জন্য ইস্যু ব্যবস্থাপককে অন্যতম ভূমিকা পালন করতে হবে। তিনি আরো বলেন, ইস্যু ব্যবস্থাপক শুধুমাত্র আইনগত বাধ্যবাধকতার জন্য ডিউ ডিলিজেন্স দিবেন আর ফিজিক্যাল ভেরিফিকেশন রিপোর্ট প্রদান করবেন তা কিন্তু নয়, ইস্যু ব্যবস্থাপককে অবশ্যই পুঁজিবাজারের উন্নয়নে পুঁজিবাজারের সক্রিয় অংশীজন হিসেবে তার যথাযথ দায়িত্ব পালন এবং আস্থা সৃষ্টি করতে হবে। তিনি সবাইকে এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন বিএমবিএর প্রেসিডেন্ট মো: সাইদুর রহমান। তিনি তার বক্তব্যের প্রথমেই কমিশনকে এই ধরণের একটি অনুষ্ঠান অয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আশা করেন এই ধরণের প্রশিক্ষণ কর্মশালা থেকে প্রাপ্ত শিক্ষা তাদের পরবর্তী সময়ে ইস্যু ব্যবস্থাপক হিসেবে আরো সুনিপুনভাবে কাজ করতে সহায়তা করবে।

